# বাংলাদেশ কৃষি ব্যাংক
## আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়,বান্দরবান

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বান্দরবান এর জানুয়ারী'২০২১ইং হতে মার্চ ২০২১ইং সময়কালের ৩য় কোয়ার্টার এর শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | এ. কে. এম. মনিরুজ্জামান, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা |
| তারিখ ও সময় | ঃ | ২৮/০৩/২০২১ইং বিকাল ৪.০০ঘটিকা |
| স্থান | ঃ | আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বান্দরবান |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট "ক" |

০১। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ব্যক্তিগত, কর্মক্ষেত্র ও জাতীয় জীবনের সকল পর্যায়ে শুদ্ধাচর চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম মুরু করেন। তিনি বলেন, যে কোন প্রতিষ্ঠানের উন্নতির জন্য শুদ্ধাচার চর্চার বিকল্প নেই। দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্যতা তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সু-সমন্বয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকনে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, পরিবার, সমাজ, কর্মক্ষেত্র, রাষ্ট্র তথা জীবনের প্রতিটি অংশ থেকে ব্যক্তি শুদ্ধাচারের শিক্ষা অর্জন করে তা বাস্তবজীবনে প্রয়োগের মাধ্যমে সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। ব্যাংকিং খাতে নানমূখী দুর্নীতি পরিলক্ষিত হওয়ায় শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন সময়োপযোগি পদক্ষেপ। ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে দুর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহব্বান জানিয়ে তিনি সভার শুরু করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে অত্র কার্যালয়ের উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ও নৈতিকতা কামটির সদস্য জনাব আক্কাচ্ছ উদ্দিন জানুয়ারী'২০২১ইং হতে মার্চ ২০২১ইং সময়কালের ৩য় কোয়ার্টারের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোকপাত করেন।

০৩। সভায় নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) বিকেবি, প্রধান কার্যালয়ের নির্দেশক্রমে আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বান্দরবান এর ২০২০-২০২১ অর্থবছরের কর্ম পরিকল্পনা প্রণয়ন পূর্বক আগামী ৩১/০৩/২০২১ইং এর মধ্যে ওয়েব সাইটে আপলোড করার নির্দেশনা দেয়া হয়।

খ)অত্র ব্যাংকের ওয়েব সাইটে NIS Tab এর আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম- পরিকল্পনা ২০২০-২০২১ এবং ত্রৈমাসিক ভিত্তিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিত আপলোড করতে হবে।

গ) বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে কোন অভিযোগ পাওয়া গেলে স্বচ্ছতা ও সততার সাথে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঘ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম- পরিকল্পনা প্রনয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নিদেশিকা, ২০২০-২০২১ এ উল্লিখিত সময়সীমার মধ্যে ওয়েব সাইটে প্রকাশের বিষয়ে অধিকতর যত্নবান ও সতর্ক হতে হবে।

ঙ) স্বচ্ছতা, জবাবদিহিতা ও সততার চর্চার মাধ্যমে শুদ্ধাচরের প্রয়োগ বৃদ্ধির জন্য নিরীক্ষা নজরদারী অত্র গুরুত্বপূর্ণ। তাই নিরীক্ষাযোগ্য শাখাসমূহে নিরীক্ষা কার্যসম্পাদন করা জরুরী। জানুয়ারী'২০২১ইং হতে মার্চ ২০২১ইং ত্রৈয়মাসিকে আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বান্দরবান কর্তৃক ৮ টি শাখা নিরীক্ষা সম্পন্ন হয়েছে।

চ) সকলকে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে নীতি ও নৈতিকতা নিয়ে কাজ করতে হবে।

৪। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এ উল্লিখিত লক্ষ্যমাত্রার ভিত্তিতে একই ছকে অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে নির্ধারিত সময়সীমার মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশের বিষয়টি নিশ্চত করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৯.০৩.২০২১

(এ. কে. এম. মনিরুজ্জামান)
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা

সুত্র নং- আনিকা/বিবান /অপা-১৩/২০২০-২০২১/ ১৪৮ তারিখ: ২৯.০৩.২০২১

(এ.কে.এম মনিরুজ্জামান)
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা (স.ম.বা)
বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বান্দরবান।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণঃ

০১। স্টফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
০২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিন্ত্রণ ও ব্যবসা বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক ,প্রধান কার্যালয় ,ঢাকা।
০৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় ,চট্টগ্রাম।
০৪। আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক কার্যালয়, বান্দরবান।
০৫। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, বান্দরবান অঞ্চল।
০৬। নথি/ মহানথি